বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
( আমদানি নীতি শাখা)

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

পৌষ ২৮, ১৪২৩
সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৭-০১ তারিখ ঃ -----------------
জানুয়ারি ১১, ২০১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ,

**<u>বিট লবণ আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ গেজেটে প্রকাশিত বাণিজ্য মন্ত্রণালয়ের অবা-১ অধিশাখার ০৫.১২.২০১৬ তারিখের এস, আর ,ও নং ৩৬৬-আইন/২০১৬ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত এস, আর, ও এর মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক লবণ আমদানি সংক্রান্ত আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ২৬(৫৮) অনুচ্ছেদ সংশোধন করা হয়েছে যা অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মূদ্রণ করা হলো ও এতদ্সংগে সংযুক্ত করা হলো ।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০১৬**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাণিজ্য মন্ত্রণালয়**
**অবা-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬৬-আইন/২০১৬।**—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৫৮) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৫৮) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"**(৫৮) লবণ**-সাধারণ লবণ (এইচ এস হেডিং নম্বর ২৫.০১) (পরিশোধিত বা বোল্ডার বা অন্যবিধ) আমদানিযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে,—

(ক) Customs Act, 1969 (Act No. IV of 1969) এর FIRST SCHEDULE এর চ্যাপ্টার ২৮ ও ২৯ এর আওতাভুক্ত কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান (সোডিয়াম ক্লোরাইড বা অন্যবিধ কোন লবণ উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত) কর্তৃক সংশ্লিষ্ট শিল্পের মৌলিক কাঁচামাল হিসাবে এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ব্লক লিস্ট অনুযায়ী স্বীকৃত ঔষধ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক লবণ আমদানি করা যাইবে; এবং

(খ) কেবল শিল্পের কাঁচামাল হিসাবে প্রকৃত ব্যবহারকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উহার আমদানি স্বত্ব অনুসারে, এবং বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক, বিট লবণ (এইচ, এস, কোড ২৫০১.০০.৩০) আমদানি করা যাইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুছ সামাদ আল আজাদ**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০